গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -১ শাখা
www.sid.gov.bd

বিষয়: **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি : শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ : ০৪/১০/২০২২ খ্রি.
সময় : সকাল ১১:০০ মিনিট
স্থান : সম্মেলনকক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্যসচিব জনাব মু: ওয়াহিদ মুরাদকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর আওতায় গৃহীত কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্যসচিব ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর সূচকসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। এসময় ইনোভেশন টিমের সদস্যগণ উপস্থিত ছিলেন।

০২। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্রম	কর্মসম্পাদন সূচক ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	[১.১.১] সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন। **আলোচনা:** ১৫/৯/২০২২ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা/অধিশাখা হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করা হয়েছিল। এর প্রেক্ষিতে যুগ্মসচিব(তথ্য ব্যবস্থাপনা) হতে ০২ (দুই)টি প্রস্তাব পাওয়া গেছে। এছাড়া সমন্বয় ও সংস্কার শাখা, তথ্য ব্যবস্থাপন-১ শাখা ও উন্নয়ন-২ শাখা হতে প্রস্তাববিহীন প্রতিবেদন পাওয়া গেছে। **প্রস্তাব ০১**- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের চাহিদার প্রেক্ষিতে এ বিভাগকর্তৃক বিভিন্ন জরিপ পরিচালনা করা হয়ে থাকে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কি কি জরিপের প্রয়োজন রয়েছে তার তথ্য সংগ্রহ করে একটি প্রকাশনা আকারে সংরক্ষণ করা যেতে পারে। **প্রস্তাব ০২**- জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা নীতিমালা, ২০১৬ অনুসারে তথ্য-উপাত্ত জনগণের নিকট উন্মুক্ত ও সহজলভ্য করার বিষয়ে বলা হয়েছে। এলক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, গবেষণা প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি সংস্থাসহ অংশীজনদের নিকট তথ্য-উপাত্ত উন্মুক্ত ও সহজলভ্য করা	(ক) সকল শাখা/অধিশাখার সঙ্গে আহূত উদ্ভাবনী উদ্যোগ/ধারণার বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (খ) যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) এর নিকট হতে প্রাপ্ত ধারনা/প্রস্তাব ০১ ও ০২ যাচাই-বাছাই করে গৃহীত হলে বাস্তবায়ন করা যেতে পারে।	ইনোভেশন টিম

	লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহে গিয়ে বিভিন্ন সভা/সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করা যেতে পারে।		
২	[১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রণয়ন **আলোচনা**: আলোচনায় অংশ নিয়ে সদস্যসচিব ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/ সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার একটি খসড়া তালিকা সভায় উপস্থাপন করেন। তালিকাটি উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে চূড়ান্ত করা হয়। এ বিষয়ে চিফ ইনোভেশন অফিসার তালিকা অনুযায়ী সেবাসমূহ সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা দেন। উপস্থিত সকলে এতে একমত পোষণ করেন।	(ক) ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/ সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকাটি চূড়ান্ত করা হয়। (খ) চূড়ান্ত তালিকাটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রোগ্রামার, আইসিটি শাখা
৩	[১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকরণ	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ তালিকা অনুযায়ী ০৪/০৫/২০২৩ তারিখের মধ্যে চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিস্টেম অ্যানালিস্ট, আইসিটি অধিশাখা
৪	[১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তি **আলোচনা**: সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ সচল রাখতে হবে। বিটিসিএল সংযোগের পাশাপাশি প্রয়োজনে বিকল্প ইন্টারনেট সংযোগের ব্যবস্থা করতে হবে। সকল শাখা/অধিশাখায় ই-নথি কার্যক্রম জোরদারের জন্য তাগিদ দিতে হবে।	ই-নথির কার্যক্রম জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি-২ শাখা
৫	[১.৪.১] ৪র্থ শিল্পবিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন। **আলোচনা**: ৪র্থ শিল্পবিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত ০২/১০/২০২২ তারিখে যুগ্মসচিব (প্রশাসন)-এর সভাপতিত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে উদ্যোগ গ্রহণ করেছে।	৪র্থ শিল্পবিপ্লব সম্পর্কিত কর্মশালায় আলোচনা সাপেক্ষে ৪র্থ শিল্পবিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় জরুরি ভিত্তিতে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য গঠিত কমিটি

শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব
তথ্য ব্যবস্থাপনা অধিশাখা ও
প্রশাসন অনুবিভাগ (অঃ দাঃ)

৬	[১.৪.২] ৪র্থ শিল্পবিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন। **আলোচনা:** ১৯/৯/২০২২ তারিখে ৪র্থ শিল্পবিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ১ (এক) টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট কর্মশালা এ বিভাগের বাৎসরিক প্রশিক্ষণ ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত রয়েছে।	৪র্থ শিল্পবিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালার আয়োজন করতে হবে।	উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা
৭	[২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ। **আলোচনা:** তথ্য বাতায়ন হালনাগাদকরণের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। এবিষয়ে ০২/১০/২০২২ তারিখে ১ (এক) টি ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২২) প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রোগ্রামার, আইসিটি শাখা
৮	[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়নসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। **আলোচনা:** ১০/০৮/২০২২ খ্রি তারিখে "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন" বিষয়ক একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রশাসন-৩ অধিশাখায় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	কর্মপরিকল্পনা বাস্তবায়নসংক্রান্ত প্রশিক্ষণ এবিভাগের বাৎসরিক প্রশিক্ষণ পঞ্জিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে।	উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা
৯	[২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দ অর্থব্যয়	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে সর্বোচ্চ সচেষ্ট থাকতে হবে।	ইনোভেশন টিম
১০	[২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	যথাসময়ে প্রেরণ করতে হবে।	প্রোগ্রামার, আইসিটি শাখা
১১	[২.২.৪] আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাসংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	যথাসময়ে প্রেরণ করতে হবে।	প্রোগ্রামার, আইসিটি শাখা
১২	[২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন	২৯/৮/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত অনুযায়ী যথাসময়ে একটি উদ্ভাবনী উদ্যোগ	ইনোভেশন টিম

১৩	**বিবিধ:** আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২২-২৩-এর অগ্রগতি পর্যালোচনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের উদ্ভাবন নির্দেশিকা অনুযায়ী বিবিএস-এর অগ্রগতি প্রতিবেদন এবিভাগে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের উদ্ভাবন নির্দেশিকা অনুযায়ী কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি	ইনোভেশন অফিসার, বিবিএস

অতঃপর আর কোনো আলোচনা না থাকায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কর্মসম্পাদনের পরামর্শ দিয়ে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শেখ মোঃ কাবেদুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

নং:-৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২২-৭৪

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(১) যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) ও সদস্য (ইনোভেশন টিম), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(২) উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) ও সদস্য (ইনোভেশন টিম), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(৩) সিস্টেম অ্যানালিস্ট(আইসিটি অধিশাখা) ও সদস্য (ইনোভেশন টিম), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(৪) সিনিয়র সহকারী সচিব, সমন্বয় ও সংস্কার শাখা ও এপিএ ফোকাল পয়েন্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৬) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। (অতিরিক্ত সচিব, প্রশাসন মহোদয়ের সদয় অবগতির জন্য)
(৭) অফিস কপি।